

আজকাল

সৌজন্য সংখ্যা

কলকাতা ১১ বৈশাখ ১৪২৬ বৃহস্পতিবার ২৫ এপ্রিল ২০১৯ শহর সংস্করণ **

রাজ্য

আজকাল

৭

কলকাতা বৃহস্পতিবার ২৫ এপ্রিল ২০১৯

আমেরিকার মেয়ো ক্লিনিকের সঙ্গে ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতাল

আজকালের প্রতিবেদন

ক্যান্সারের উন্নত চিকিৎসায় আমেরিকার মেয়ো ক্লিনিকের সঙ্গে গাটছড়া বাঁধল ঠাকুরপুকুরের সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার রিসার্চ ইনস্টিটিউট। পাশাপাশি এখানে চালু হচ্ছে নিউক্লিয়ার মেডিসিন বিভাগ, রেডিও আয়োডিনথেরাপিও। ইতিমধ্যে নতুন যন্ত্রও চলে এসেছে। কয়েক দিনের মধ্যে কাজ শুরু হবে। বুধবার জানিয়েছেন হাসপাতালের ডিরেক্টর ডাঃ অর্পণ গুপ্ত। তিনি বলেন, ক্যান্সার-আক্রান্তদের সঙ্গে কীরকম ব্যবহার করা উচিত এবং অন্যান্য বিভিন্ন বিষয়ে হাসপাতালের চিকিৎসকদের পরামর্শ দেবে আমেরিকার মেয়ো ক্লিনিক। প্রতি ৩ মাস অন্তর সেখানকার চিকিৎসকেরা সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার রিসার্চ ইনস্টিটিউটের চিকিৎসকদের প্রশিক্ষণ দেবেন। নানান বিষয়ে পরামর্শ দেবেন। মেয়ো ক্লিনিকের সঙ্গে গাটছড়া বাঁধা হয়েছে। সেখানকার ক্যান্সার বিশেষজ্ঞ কবির মোদি এদিন ক্যান্সারের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। বলেন, ক্যান্সারে মৃত্যুর হার কমেছে। রোগ প্রতিরোধে চিকিৎসা পদ্ধতিও আগের থেকে উন্নত হয়েছে। তারপরও দুর্বল অর্থনীতির কারণে বিশ্বে প্রচুর মানুষ ক্যান্সারে মারা যান। কারণ, এই চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল। ক্যান্সার নিরাময়ের ক্ষেত্রে প্রতিবন্ধকতার বিষয়েও আলোচনা করেন। বলেন, স্থূলতা, কোলেস্টেরল বেড়ে যাওয়া এবং ধূমপান— প্রধানত এই তিনটি কারণে ক্যান্সার ত্বরান্বিত হয়। ক্যান্সারের চিকিৎসায় কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার বাড়ছে। এই রোগে আক্রান্তদের সঙ্গে চিকিৎসক এবং চিকিৎসা কর্মীদের আচরণ হতে হবে সহানুভূতিশীল।



ডাঃ অর্পণ গুপ্ত ও অঞ্জন গুপ্ত শুভেচ্ছা জানাচ্ছেন ডাঃ কবির মোদিকে। গড়িয়াহাটের এক হোটেলে, বুধবার। ছবি: দীপক গুপ্ত